

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ / ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং-১৬৯-আইন/২০১৩/৬৭৩-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ২ এর উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এ বর্ণিত-

(ক) শিরনামা সংখ্যা So২৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে; এবং

(খ) শিরনামা সংখ্যা So৯৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন সেবার কোড যথাক্রমে So৯৯.৩০ ও So৯৯.৪০ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“So৯৯.৩০	স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ৫০% (পঞ্চাশ শতাংশ)	৭.৫%
So৯৯.৪০	মেডিটেশন সেবা	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ৫০% (পঞ্চাশ শতাংশ)।”।	৭.৫%

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাম্মদ হাসমত আলী)
দ্বিতীয় সচিব (মুসক)